**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
জেলা কমান্ড্যান্টের কার্যালয়, ঠাকুরগাঁও।
**www.ansarvdp.thakurgaon.gov.bd**

স্মারক নং-৪৪.০৩.৫৫৯৪.০০২.০১.০০১.২২-০১২২

তারিখঃ ১৭ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ।
৩১ জানুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ।

## "অফিস আদেশ"

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা এর স্মারক নং- আনসার-ভিডিপি/ইউঃদঃনেঃ/নীতিঃ/অপাঃ/৪৫, তারিখঃ ২২/০১/২০১২ খ্রিঃ মূলে মহাপরিচালক মহোদয়ের প্রদত্ত ক্ষমতাবলে পরিচালক, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী রংপুর রেঞ্জ, রংপুর এর স্মারক নং-৪৪.০৩.৫৫২৭.০০২.০০২.০১১.২১-১২৩১, তাং-২৭/০৬/২০২১ খ্রিঃ এবং পরিচালক, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী রংপুর রেঞ্জ, রংপুর এর স্মারক নং-৪৪.০৩.৫০৮১.০০১.১৩.০১০.২১-৪০৩৯, তাং- ০২/১২/২০২১ খ্রিঃ মোতাবেক ঠাকুরগাঁও জেলাধীন সদর উপজেলায় শুন্য পদের বিপরীতে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ক্রোড়পত্র "ক" মূলে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে ০১ (এক) জন ওয়ার্ড দলনেত্রী এবং ০১ (এক) জন ইউনিয়ন দলনেতা'কে নিয়োগ প্রদান করা হলো।

### ক্রোড়পত্র "ক"

| ক্রম | পদবী | নাম ও পিতার নাম | গ্রাম ও ডাকঘর | পৌরসভা/ইউনিয়ন | উপজেলা ও জেলা | জন্ম তারিখ | শিক্ষাগত যোগ্যতা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ওয়ার্ড দলনেত্রী | দিপিকা রানী রায়<br>বিরেন নাথ বর্ম্মন | শান্তিনগর, ঠাকুরগাঁও | পৌরসভা<br>০১নং ওয়ার্ড | ঠাকুরগাঁও সদর<br>ঠাকুরগাঁও | ৩০-১২-১৯৯৬ খ্রিঃ | এসএসসি | |
| ০২ | ইউনিয়ন দলনেতা | মোঃ মাসুম রানা<br>মোঃ জয়নুল আবেদীন | ধর্মপুর, ঢোলারহাট | ২১নং ঢোলারহাট<br>ইউনিয়ন পরিষদ | ঠাকুরগাঁও সদর<br>ঠাকুরগাঁও | ২৭-১২-১৯৯৫ খ্রিঃ | এসএসসি | |

**শর্তাবলীঃ-**

১। এ নিয়োগাদেশ ০১/০২/২০২২ খ্রিঃ তারিখ হতে কার্যকর হবে।
২। এ নিয়োগাদেশ সম্পূর্ণ অস্থায়ী এবং ০৫ (পাঁচ) বছর পর্যন্ত বলবৎ থাকবে। তবে সন্তোষজনক কাজের মানের ভিত্তিতে সময় বৃদ্ধি করা যেতে পারে।
৩। বাহিনীর নির্ধারিত সকল প্রকার প্রশিক্ষণে বাধ্যতামূলক অংশগ্রহণ করতে হবে।
৪। নিয়োগকৃত সদস্য সরকার কর্তৃক প্রদেয় নির্ধারিত মাসিক সম্মানী ভাতা প্রাপ্য হবেন।
৫। মাসিক সভায় শতভাগ উপস্থিতি নিশ্চিত করতে হবে এবং সংগঠনের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ডে সক্রিয় অংশগ্রহণসহ সদর দপ্তরের নির্দেশিত সকল দায়িত্বাবলী সঠিকভাবে পালন করতে হবে।
৬। নিজ উপজেলা/থানা আনসার ও ভিডিপি কর্মকর্তার দপ্তরে উপস্থিত হয়ে উন্নয়নমূলক কর্মকান্ডের প্রতিবেদন প্রত্যেক মাসের ১৫ ও ৩০ তারিখে দাখিল করতে হবে।
৭। নিয়োগকৃত দলনেতা-দলনেত্রী'কে বিনামূল্যে ০১ (এক) সেট সরকারী ইউনিফর্ম, সেবা বই এবং পরিচয়পত্র প্রদান করা হবে।
৮। ভান্ডারে মজুদ সাপেক্ষে সরকারী কাজে ব্যবহারের জন্য একটি বাই-সাইকেল সরবরাহ করা হবে।
৯। স্বপদে নিয়োগকৃত কর্মস্থলে যোগদানপূর্বক যোগদান পত্রের অনুলিপি অত্র দপ্তরে প্রেরণ করবেন।
১০। নিয়োগপ্রাপ্ত সদস্য-সদস্যা যোগদানের ২০ কর্মদিবসের মধ্যে সন্তোষজনক পুলিশী তদন্ত প্রতিবেদন অত্র দপ্তরে প্রেরণ নিশ্চিত করবেন। পুলিশ কর্তৃক প্রদত্ত প্রতিবেদনে কোনরূপ নেতিবাচক/বিরূপ তথ্য প্রদান করা হলে তাৎক্ষনিকভাবে নিয়োগকৃত পদ হতে অব্যাহতি প্রদানসহ এর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।
১১। প্রশিক্ষণ নির্দেশিকা এবং আনসার-ভিডিপি/ইউঃদঃনেঃ/নীতিঃ/অপাঃ/৪৫, তারিখঃ ২২/০১/২০১২ খ্রিঃ মোতাবেক প্রশিক্ষণের মূল্যায়ন তালিকা অনুযায়ী নিয়োগ প্রদানের শর্তানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হলে কোন আদালতে মামলা করা যাবে না।
১২। শৃঙ্খলা বহির্ভূত আচরণ বা কার্যকলাপের জন্য যে কোন সময় তাৎক্ষণিকভাবে অব্যাহতি দেয়া হবে।

৩১/০১/২০২২

ড. লুৎফর রহমান বিভিএমএস
জেলা কমান্ড্যান্ট (অঃ দাঃ)
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ঠাকুরগাঁও।
ফোন: ০৫৬১৫৩৪৪২
মোবাইল: ০১৭৩০০৩৮০৯১
ই-মেইলঃ dcathakurgaon@gmail.com

স্মারক নং-৪৪.০৩.৫৫৯৪.০০২.০১.০০১.২২-০১২২

তারিখঃ ১৭ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ।
৩১ জানুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ।

অনুলিপিঃ

১। প্রশিক্ষণ (ভিডিপি)/অপারেশন শাখা, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। — সদয় অবগতির জন্য।
২। পরিচালক, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী রংপুর রেঞ্জ, রংপুর। — ঐ
৩। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ঠাকুরগাঁও। — অবগতি ও কার্যক্রমের জন্য।
৪। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, সদর, ঠাকুরগাঁও। — ঐ
৫। জনাব ............................................ ............................................, ঠাকুরগাঁও। — অবগতি ও সংরক্ষণের জন্য।
৬। দপ্তর নথি।

৩১/০১/২০২২

জেলা কমান্ড্যান্ট (অঃ দাঃ)
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ঠাকুরগাঁও।

G:\Union Ledar\Appoinment Union and Word Leadr.docx OA MUKTAR